

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ১৩/২০১৩

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ০৬/০২/২০১৩খ্রিঃ।

২৪ মাঘ, ১৪১৯বঙ্গাব্দ।

কাস্টম হাউস, চট্টগ্রাম এর অফিস আদেশ-২০, তারিখ- ২৮/০১/১৩ সম্মানিত সদস্য/সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাঃ/-

এম রহমান

উপ সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কাস্টম হাউস, চট্টগ্রাম।

অফিস আদেশ নং-২০

তারিখ-২৮/০১/২০১৩।

এতদ্বারা সংশ্লিষ্ট সকল সিএন্ডএফ এজেন্ট, শিপিং এজেন্ট এবং ফ্রেইট ফরওয়ার্ডার্স এজেন্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কাস্টম হাউস, চট্টগ্রাম এ বিল অব এন্ট্রি, শিপিং বিল, আইজিএম এবং ইজিএম দাখিল করার সময় প্রয়োজ্য ক্ষেত্রে supporting documents হিসেবে বিএল, ইনভয়েস প্যাকিং লিষ্ট, এলসি, এলসিএ, সিআরএফ, ইনডেন্ট অথবা প্রফোরমা ইনভয়েস, ইন্সুরেন্স ইত্যাদি কপি সহ ডাটাসীট অন-লাইনে বা সরাসরি সিএন্ডএফ এজেন্টস্, শিপিং এজেন্টস্ এবং ফ্রেইট ফরওয়ার্ডার্স এর অনুমোদিত প্রতিনিধি (কাস্টম সরকার) কর্তৃক দাখিল করা হচ্ছে। বিভিন্ন সময়ে কাস্টমস্ কর্তৃক উক্তরূপ দাখিলকৃত দলিলাদি প্রক্রিয়াকালে কিছু অসঙ্গতিপূর্ণ, জাল, ভুঁয়া দলিলাদি সনাক্ত করা হয়েছে। ফলে, সরকারী রাজস্ব ও স্বার্থ বিঘ্নিত হওয়ার আশঙ্কা থেকে যায়। এমতাবস্থায়, সিএন্ডএফ এজেন্ট, শিপিং এজেন্ট কর্তৃক বিল অব এন্ট্রি, শিপিং বিল, আইজিএম, ইজিএম ইত্যাদি দলিলাদির হার্ড কপি দাখিলের সময় এজেন্টগণ বা তাঁদের অনুমোদিত প্রতিনিধির লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র (ID Card)-এর ফটোকপি দাখিলকৃত দলিলাদির সাথে সংযুক্ত করার জন্য বলা হলো।

২। সূষ্ঠা রাজস্ব ব্যবস্থাপনা সহ শুদ্ধায়ন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সকল স্টেক হোল্ডারগণকে উপরিউক্ত কার্যক্রমে সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।

৩। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-

মোহাম্মদ নেয়াজুর রহমান

জয়েন্ট কমিশনার

কমিশনার অব কাস্টমসের পক্ষে

কাস্টম হাউস, চট্টগ্রাম।

টেলিফোন-০৩১-৭১৩৯১৭

তারিখঃ ২৮/০১/২০১৩

নথি নং-এস ১৫-৩০৮/লাইঃ/বিবিধ/২০১৩/১১৮৯ কাস

পৃষ্ঠা নং- ১৪